উপজেলা পরিষদ

মোহনগঞ্জ,নেত্রকোণা

বিষয় : মোহনগঞ্জ উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী :

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | : | ২৩ আগস্ট ২০২৩ খ্রি, বেলা ১১.৩০ ঘটিকা। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ মিলনায়তন, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| সভাপতি | : | জনাব মোঃ শহীদ ইকবাল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ,মোহনগঞ্জ,নেত্রকোণা । |
| উপস্থিত সদস্য | : | পরিশিষ্ট "ক" |

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার কাজ পরিচালনা করার জন্য জনাব ছাকির আহমেদ আকৃজি, উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণাকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সকলকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। সভার কমিটির উপদেষ্টা মাননীয় সংসদ সদস্য, মদন-মোহনগঞ্জ ও খালিয়াজুরী নির্বাচনী এলাকা-১৬০, নেত্রকোণা-৪ জনাব সাজ্জাদুল হাসান মহোদয় অনলাইনে যুক্ত থেকে উপস্থিত সকলের উদ্দেশ্যে দিকনির্দেশনা মূলক বক্তব্য প্রদান করেন।

(২) বিভাগীয় উন্নয়নমূলক কাজের আলোচনা :-

| ক্রঃ | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, মোহনগঞ্জ, নেত্রকোণা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) ১ম কিস্তিতে ২৪,৩২,০০০.০০ (চব্বিশ লক্ষ বত্রিশ হাজার) টাকা বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দের আলোকে আরো ০৩ কিস্তি হিসেবে মোট ৯৭,২৮,০০০.০০ (সাতানব্বই লক্ষ আটাশ হাজার) টাকা এবং উপজেলা পরিষদ তহবিলের ২০২২-২০২৩ অর্থ বছরের সাশ্রয়কৃত টাকা হতে উপজেলা উন্নয়ন তহবিলে স্থানান্তরযোগ্য ৪০,০০,০০০.০০(চল্লিশ লক্ষ) টাকাসহ সর্বমোট ১,৩৭,২৮,০০০.০০ (এক কোটি সাঁইত্রিশ লক্ষ আটাশ হাজার) টাকার প্রকল্প গ্রহন ও টেন্ডার কার্যক্রম করা যেতে পারে। উপজেলা প্রকৌশলী আরো জানান ১০/০৮/২০২৩ খ্রি অনুষ্ঠিত প্রকল্প বাছাই কমিটির সুপারিশকৃত (পরিশিষ্ট-ক) প্রকল্প তালিকার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সার্বিক আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | আগামী ১৫(পনের) দিনের মধ্যে প্রকল্প তালিকা দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয় এবং পরিশিষ্ট-ক উল্লেখিত প্রকল্প গুলো উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ৬ষ্ঠ পর্যায়ের বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী মোহনগঞ্জ,নেত্রকোণা |
| ০২ | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে কাবিটা ১ম কিস্তি বাবদ ৫০৭৩২৮৮.৬০ টাকা, কাবিখা ১ম কিস্তি বাবদ ২৪.৪৭৬৩ মে. টন চাল, কাবিখা ১ম কিস্তি বাবদ ২৪.৪৭৬৩ মে. টন গম, এবং টিআর ১ম কিস্তি বাবদ ৩৭,৯৬,০১৫.১৩ টাকা, ২০২৩-২০২৪ অর্থ বছরে নির্বাচনী এলাকা ভিত্তিক কাবিটা ১ম কিস্তি বাবদ ১,৩৫,০০,০০০.০০ টাকা, কাবিখা ১ম কিস্তি বাবদ ৬৩.০০০ মে. টন চাল, কাবিখা ১ম কিস্তি বাবদ ৬৩.০০০ মে. টন গম, এবং টিআর ১ম কিস্তি বাবদ ১,১৪,৮৩,৩৩৩.৩৩ টাকা বরাদ্দ পাওয়া গেছে। নীতিমালা মোতাবেক প্রাপ্ত বরাদ্দ বিভাজন করা হবে। এছাড়া অফিসের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত আছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য এবং নীতিমালা মোতাবেক ১ম কিস্তির প্রাপ্ত বরাদ্দ বিভাজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, মোহনগঞ্জ সভায় জানান, অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে, কোন সমস্যা নাই। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মোহনগঞ্জ সভায় জানান, হাসপাতালের আইপিএস ব্যবস্থা অচল থাকায় জরুরি বিভিন্ন সেবা দিতে সমস্যা হচ্ছে। এছাড়া অফিসের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত আছে কোন সমস্যা নাই। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মোহনগঞ্জ। |

CS CamScanner
CS CamScanner
CS CamScanner

পরিশিষ্ট 'ক'

| ক্রমিক নম্বর | প্রস্তাবিত অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের শিরোনাম | সেক্টর | প্রাক্কলিত বাজেট |
|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র ও কমিউনিটি ক্লিনিকে সোলার সিস্টেম স্থাপন ও ইসিজি মেশিন সরবরাহ | স্বাস্থ্য | ১১১৭৪০০.০০ |
| ০২ | চাষীদের স্বল্প খরচে ফসল উৎপাদনের লক্ষ্যে সোলার চালিত সেচ পাম্প স্থাপন | কৃষি | ২২২৯৯৯৯.০০ |
| ০৩ | উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ সরবরাহ | শিক্ষা | ১২২৪০০০.০০ |

উপজেলা নির্বাহী অফিসার,
মোহনগঞ্জ, নেত্রকোণা

চেয়ারম্যান,
উপজেলা পরিষদ
মোহনগঞ্জ, নেত্রকোণা

CamScanner
CamScanner
CamScanner

# প্রকল্প বাছাই কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মোঃ শহীদ ইকবাল
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ।
সভার স্থানঃ উপজেলা পরিষদ হলরুম, মোহনগঞ্জ, নেত্রকোণা।
সভার তারিখঃ ১০.০৮.২০২৩ খ্রি.

সময়ঃ বিকাল ০৩:০০ ঘটিকা।

উপস্থিতিঃ পরিশিষ্ট 'ক'।

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যদের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরুকরেন এবং সদস্য সচিব জনাব মো: সোয়াইব ইমরান উপজেলা প্রকৌশলী, মোহনগঞ্জ-কে আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা পেশ করার জন্য অনুরোধ করেন। আলোচনার আলোচ্য বিষয় সমূহ নিম্নরূপঃ

১) জিওবি ও জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সী (জাইকা) এর অর্থায়নে পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা বাছাই।
২) বিবিধ।

আলোচনাঃ
১। জিওবি ও জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সী (জাইকা)এর অর্থায়নে পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন মূলক উপ-প্রকল্প প্রস্তাবনা বাছাই।

উপজেলা প্রকৌশলী ও সদস্য সচিব জনাব মো: সোয়াইব ইমরান সভায় জানান, জিওবি ও জাইকার অর্থায়নে পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অবকাঠামো উন্নয়ন মূলক উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য প্রকল্প কার্যালয়ের ০৮.০৬.২০২৩ খ্রি. তারিখের ৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫(৬).২০২২-৯৫১৩ নং স্মারকে উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর ২০২১-২২ অর্থ বছরের জন্য অবকাঠামো উন্নয়ন মূলক উপ-প্রকল্প প্রস্তাবনা চেয়ে চিঠি ইস্যুকরা হয়। যাতে উল্লেখ করা হয় স্বাস্থ্যসেবা, শিক্ষা, পানি সরবরাহ, সোলার প্যানেল ও কৃষি সম্পর্কিত উপ-প্রকল্প অগ্রাধিকার ভিত্তিতে গ্রহণকরে যথাযথ নিয়মাবলী অনুসরণপূর্বক অবকাঠামো উন্নয়ন মূলক উপ-প্রকল্প প্রস্তাব প্রণয়ন করে ৩১.০৮.২০২৩ খ্রি. তারিখের মধ্যে প্রকল্প কার্যালয়ে প্রেরণেরজন্য অনুরোধ করা হয়। সভায় উপস্থিতি প্রস্তাবিত উপ-প্রকল্পের প্রয়োজনীয়তাসহ অন্যান্য বিষয় নিয়ে আলোচনা ও পর্যালোচনা করেন

প্রস্তাবিত অবকাঠামো উন্নয়ন মূলক উপ-প্রকল্পের তালিকা ঃ

| ক্রমিক নম্বর | প্রস্তাবিত অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের শিরোনাম | সেক্টর | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র ও কমিউনিটি ক্লিনিকে সোলার সিস্টেম স্থাপন এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স-এ ECG মেশিন সরবরাহ | স্বাস্থ্য | |
| ০২ | স্বল্প খরচে ফসল উৎপাদনের লক্ষ্যে সোলার চালিত সেচ পাম্প স্থাপন | কৃষি | |
| ০৩ | উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উচু-নিচু বেঞ্চ সরবরাহ | শিক্ষা | |

সিদ্ধান্ত ঃ সার্বিক পর্যালোচনায় প্রস্তাবিত উপ-প্রকল্পসমূহ জনগুরুত্ব ও প্রয়োজনীয়তা বিবেচনায় ২০২১-২২ অর্থবছরে বাস্তবায়নের জন্য নির্বাচন করা হয় এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

CamScanner
CamScanner
CamScanner

সভায় বিবিধ কোন আলোচনা না থাকায় সভাপতি, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

১০/০৫/২৩

(মোঃ শহীদ ইকবাল)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
মোহনগঞ্জ, নেত্রকোণা।

**অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরীত হলঃ-**

১। উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা।

২। ভাইস চেয়ারম্যান/মহিলাভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা।

৩। উপজেলা --------------------------------------------------------, মোহনগঞ্জ, নেত্রকোণা।

৪। অফিস কপি।

10.08.23

(মো: সোয়াইব ইমরান)
উপজেলা প্রকৌশলী
ও
সদস্য সচিব
উপজেলা প্রকল্প বাছাই কমিটি
মোহনগঞ্জ, নেত্রকোণা।

CamScanner
CamScanner
CamScanner